প্রথম আলো

ভারত

# সংবাদ সংস্থা ইউএনআইয়ের কার্যালয় সিল করল দিল্লি পুলিশ

প্রথম আলো ডেস্ক

আপডেট: ২১ মার্চ ২০২৬, ০৫: ২১

হাইকোর্টের আদেশের কথা বলে ভারতের রাজধানী নয়াদিল্লিতে সংবাদ সংস্থা ইউনাইটেড নিউজ অব ইন্ডিয়ার (ইউএনআই) কার্যালয় সিল করে দিয়েছে দিল্লি পুলিশ।

সংবাদমাধ্যমটি পুলিশের এই পদক্ষেপকে 'গণমাধ্যমের স্বাধীনতার ওপর আঘাত' বলে আখ্যা দিয়েছে। সংবাদ সংস্থা প্রেস ট্রাস্ট অব ইন্ডিয়ার (পিটিআই) এক প্রতিবেদনে এ তথ্য জানা গেছে।

শুক্রবার কার্যালয় সিল করার এই ঘটনা ঘটে। ইউএনআই কর্তৃপক্ষের অভিযোগ, এ সময় পুলিশের দলটি তাদের নারী কর্মীদেরও হেনস্তা করেছে।

তবে নয়াদিল্লির ডেপুটি কমিশনার অব পুলিশ (ডিসিপি) শচীন শর্মা পিটিআইকে বলেন, যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ করা হয়েছিল এবং কোনও অনিয়ম হয়নি। কারণ, পুরো প্রক্রিয়ার ভিডিও ধারণ করা হয়েছে।

ভারতীয় সংবাদমাধ্যম দ্য নিউ ইন্ডিয়ান এক্সপ্রেসের প্রতিবেদনে বলা হয়েছে, ইউএনআইয়ের জমি বরাদ্দ বাতিলের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে দায়ের করা আবেদন দিল্লি হাইকোর্ট খারিজ করে দেওয়ার পর পুলিশ পর্যাপ্ত বাহিনী নিয়ে রফি মার্গের ওই কার্যালয় প্রাঙ্গণে সিলিং কার্যক্রম চালাতে উপস্থিত হয়।

ইউএনআইয়ের বর্তমান মালিকানা প্রতিষ্ঠান 'দ্য স্টেটসম্যান' সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে দিল্লি পুলিশের এই পদক্ষেপকে 'নজিরবিহীন নিষ্ঠুরতা ও ভারতে গণমাধ্যমের স্বাধীনতার ওপর আঘাত' বলেছে।

ওই পোস্টে আরও বলা হয়, 'কর্মীদের নিজেদের জিনিসপত্র গুছিয়ে নেওয়ার বা কর্তৃপক্ষের কথা শোনার সময় পর্যন্ত দেওয়া হয়নি। ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে বাইরে আটকে রেখে ভেতরে কর্মীদের মারধর করা হচ্ছে।'